

নথি নং:	১
নথি নামিট প্রতিক্রিয়ার প্রেস্ত্রামার:	প্রক্রিয়া
নথি নং:	ই-২
নথি নামিট প্রতিক্রিয়ার স্বাক্ষর:	AMIE (CC PTHD)
নথি নং:	৫৩০/১৮/২০১৯
নথি নামিট প্রতিক্রিয়ার স্বাক্ষর:	মুক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
রক্ষণাবেক্ষণ অধিশাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুকাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদন দ্বিতীয় প্রাপ্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৯) পর্যালোচনা বিষয়ে সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আব্দুল মালেক  
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুকাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তারিখ : ০৪ ডিসেম্বর, ২০১৯

সময় : সকাল ১০.০০ ঘটিকা

স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ

উপস্থিতি : পরিষিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব দীপঙ্কর মন্ডল, উপসচিব জানান যে, বিগত ২৬/০৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত নেতৃত্বকৃত কমিটির সিদ্ধান্ত অনুসারে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীনস্থ দপ্তর/সংস্থার জাতীয় শুকাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ দ্বিতীয় প্রাপ্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৯) এর অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা পর্যায়ে পর্যালোচনার জন্য এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুকাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সংস্থাভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

২.০ সভায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীনস্থ দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনাভূক্ত দ্বিতীয় প্রাপ্তিকের উল্লেখযোগ্য কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। যেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জনে এখানে পিছিয়ে আছে সেসকল লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার বিষয়ে আলোচনা হয়। ওয়েবসাইটসমূহ হালনাগাদকরণ, প্রকল্প পরিদর্শন পরিবীক্ষণ এবং শাখা পরিদর্শন কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়নে সভা বিশেষ গুরুত্বারোপ করে। বিভিন্ন পরিবীক্ষণ কার্যক্রমের ক্ষেত্রে কমিটি গঠন করে পরিবীক্ষণ করার বিষয়ে আলোচনা হয়। বিভিন্ন পরিদর্শন ও অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নসহ সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্নের জন্য গুরুত্বারোপ করা হয়।

৩.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিয়োজিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

#### সিদ্ধান্ত :

- (১) সড়ক ও জনপথ অধিদপ্তরসহ অন্যান্য সংস্থাসমূহের প্রশিক্ষণ কার্যক্রমে বিভিন্ন পর্যায়ে পর্যাপ্ত সংখ্যায় প্রশিক্ষণার্থী অন্তর্ভুক্তির বিষয়টি স্ব-স্ব নেতৃত্বকৃত কমিটিতে বিবেচনার জন্য উপস্থাপন করতে হবে;
- (২) NIS কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত মনিটরিং করতে হবে;
- (৩) ওয়েবসাইটসমূহ হালনাগাদকরণ, প্রকল্প পরিদর্শন পরিবীক্ষণ এবং শাখা পরিদর্শন কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে;
- (৪) বিভিন্ন পরিবীক্ষণ কার্যক্রমসমূহের ক্ষেত্রে কমিটি গঠন করে তদারক করতে হবে;
- (৫) বিভিন্ন পরিদর্শন ও অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নসহ সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।

৪.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

৫/১২/১৯

মোঃ আব্দুল মালেক  
অতিরিক্ত সচিব (প্রশাসন)

ও

শুকাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫,০০,০০০০.০১৫,০৬,০১২,১৯-৬৬৯

তারিখ : ২৩ অগ্রহায়ন, ১৪২৬  
০৮ ডিসেম্বর, ২০১৯

বিতরণ (জ্যোতির ক্রমানুসারে নয়):

- ০১। সচিব (সমষ্টি ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
- ০৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ০৫। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমষ্টি কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
- ০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
- ০৭। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
- ০৮। যুগ্মসচিব (প্রশাসন/বিআরটিসি/ডিটিসি ও এনএএস/সমষ্টি ও প্রশিক্ষণ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৯। উপসচিব (বাজেট/অডিট/সওজ গেজেটেড সংস্থাপন/বিআরটিএ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুন্ধাচার সেবাবক্ষে প্রকাশের অনুরোধসহ)
- ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুন্ধাচার ফোকাল পয়েন্ট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৪। অফিস কপি/মাস্টার কপি।



দীপঙ্কর মন্দল  
উপসচিব

ফোন : ৯৫১৪০৭৫  
E-mail: [dsmaintenance@rthd.gov.bd](mailto:dsmaintenance@rthd.gov.bd)